

ফরম-“গ”
(তফসিল দৃষ্টব্য)

গঠনতন্ত্র প্রণয়নের নিয়মাবলী

- ১। ভূমিকা :
- ২। সংগঠনের নাম :
- ৩। সংগঠনের ঠিকানা (স্থায়ী/অস্থায়ী): গ্রাম/বাসা নং/মহল্লা ওয়ার্ড/রোড নং
পোঃ থানা জেলা
- ৪। সংগঠনের কার্যক্রমের আওতাভুক্ত এলাকা:
- ৫। সংগঠনের লক্ষ্য ও উদ্দেশ্যাবলী (বিস্তারিতভাবে উল্লেখ করণ) :-
- ৬। সদস্যপদ লাভ: (ক) সদস্য হওয়ার যোগ্যতা (বিস্তারিতভাবে উল্লেখ করিতে হইবে)। বাংলাদেশের নাগরিক প্রাপ্ত বয়স্ক মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পোষ্য/শহীদ পরিবারের সদস্য/মুক্তিযুদ্ধের আদর্শে বিশ্বাসী কোন ব্যক্তি।
- ৭। সদস্যপদ সাময়িক স্থগিতকরণ/বাতিলকরণ : (১) সদস্যপদ প্রাপ্তির পর ৬(ছয়) মাস চাঁদা না দিলে, (২) পর পর তিন সভায় অনুপস্থিত থাকিলে, (৩) সংগঠনের স্বার্থের পরিপন্থী কোন কাজ করিলে, (৪) সংগঠনের চাকুরী, বেতন ভাতা গ্রহণ করিলে, (৫) মস্তিষ্ক বিকৃতি ঘটিলে, (৬) আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হইলে বা দেউলিয়া হইলে, (৭) নৈতিকতা বা রাষ্ট্র বিরোধী কোন কর্মকাণ্ডে লিপ্ত থাকেন, (৮) কোন সদস্য সংগঠন হইতে বেতন ভাতা, সম্মানী বা কোন মুনাফার অংশ গ্রহণ করিলে তার সদস্যপদ বাতিল হইবে। সদস্যপদ বাতিল করা হইলে পুনরায় সদস্যপদ দেওয়ার জন্য বিস্তারিত ব্যাখ্যা উল্লেখ করিতে হইবে।
- ৮। সাংগঠনিক কাঠামো : (ক) সংগঠনের ব্যবস্থাপনা কমিটিসমূহের নাম। যেমন:- সাধারণ পরিষদ, কার্যকরী পরিষদ, উপদেষ্টা পরিষদ, ইত্যাদি। পরিষদের সদস্য, পদবী উল্লেখসহ বিস্তারিতভাবে দায়িত্ব ও কর্তব্য পদবীভিত্তিক ব্যাখ্যা করিতে হইবে। কার্যকরী পরিষদ সর্বনিম্ন ০৯(নয়) সদস্য বিশিষ্ট হইতে হইবে। নির্বাচন ও নির্বাচন পদ্ধতি বিস্তারিতভাবে উল্লেখ করিতে হইবে। সাধারণ পরিষদ, কার্যকরী পরিষদ ও উপদেষ্টা পরিষদ সহ অন্যান্য পরিষদ গঠন ও নির্বাচন পদ্ধতি বিস্তারিতভাবে উল্লেখ করিতে হইবে।
- ৯। বিভিন্ন সভা আহ্বানের নিয়মাবলী : (ক) সভার নাম:- সাধারণ সভা, কার্যকরী সভা, জরুরী সভা, মূলতবী সভা, তলবী সভা, ইত্যাদি। (খ) সভার নোটিশ:- সাধারণ সভার কমপক্ষে ১৫(পনের) দিন এবং কার্যকরী সভা ০৭(সাত) দিন এর নোটিশে অনুষ্ঠিত হবে। সাধারণ পরিষদের জরুরী সভা ০৭(সাত) দিন এবং কার্যকরী পরিষদ এর জরুরী সভা ০৩(তিন) দিনের নোটিশে আহ্বান করা যাইবে। (গ) সভার কোরাম:- সকল সভার কোরাম দুই তৃতীয়াংশ এর উপস্থিতিতে পূর্ণ হইবে।
- ১০। আর্থিক ব্যবস্থাপনা:- (ক) আর্থিক লেনদেন এবং সরকার অনুমোদিত যে কোন ব্যাংকে সংগঠনের একটি চলতি/সঞ্চয়ী হিসাব খুলিতে হইবে। (খ) হিসাবটি প্রতিষ্ঠানের সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ (পারস্পরিক আত্মীয় নহে) এই তিন জনের যে কোন দুই জনের যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে। (গ) সংগঠনের নামে সংগৃহীত অর্থ কোন অবস্থাতেই হাতে রাখা যাইবে না। (ঘ) সংগঠনের প্রয়োজনীয় অর্থ খরচের পূর্বে উত্তোলনের জন্য কার্যকরী পরিষদ সভায় অনুমোদন লইতে হইবে এবং বার্ষিক সাধারণ সভায় বার্ষিক বাজেট ও সকল খরচ অনুমোদন করিতে হইবে। (ঙ) সংগঠনের হিসাব নিরীক্ষার জন্য হিসাব নিরীক্ষা পদ্ধতি উল্লেখ করিতে হইবে। নিবন্ধক বা নিবন্ধীকরণ কর্তৃপক্ষের অনুমোদিত অডিট ফর্ম দ্বারা অডিট করাইতে হইবে। সংগঠনের অডিট রিপোর্ট ও বার্ষিক কার্যবিবরণী নিয়মিতভাবে নিবন্ধক বা নিবন্ধীকরণ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করিতে হইবে।
- ১১। গঠনতন্ত্র সংশোধন পদ্ধতি:- গঠনতন্ত্রের যে কোন বিধান পরিবর্তন করিতে হইলে সংগঠনের সাধারণ পরিষদের দুই তৃতীয়াংশ সদস্যের অনুমোদনক্রমে সংশোধন করা যাইবে তবে উহা নিবন্ধক বা নিবন্ধীকরণ কর্তৃপক্ষের অনুমোদনের পর কার্যকরী হইবে।
- ১২। সংগঠনের তহবিল বৃদ্ধিকল্পে যে কোন প্রকার প্রকল্প/কর্মসূচী/অনুষ্ঠান পরিচালনার পূর্বে নিবন্ধক বা নিবন্ধীকরণ কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে এবং গৃহীত প্রকল্প/কর্মসূচী/অনুষ্ঠান এর আয়-ব্যয় এর হিসাব নিবন্ধক বা নিবন্ধীকরণ কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

- ১৩। সমিতির সদস্যদের একক নামে বা দলভিত্তিক কোন সরকারি খাস জমি বন্দোবস্ত দেওয়া হইলে উহার বিবরণ ও পূর্ণাঙ্গ তথ্য আবেদনপত্রের সাথে দাখিল করিতে হইবে।
- ১৪। সংগঠনের স্থায়ী সম্পদ নিবন্ধক বা নিবন্ধনকারী কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত হস্তান্তর বা রূপান্তর করা যাইবে না মর্মে গঠনতন্ত্রে উল্লেখ থাকিবে।
- ১৫। গঠনতন্ত্রে যাহা কিছুই উল্লেখ থাকুক না কেন উক্ত সংগঠনটি আইন ও বিধিমালা এর আওতায় এবং দেশের প্রচলিত আইনানুযায়ী সকল কার্যাদি পরিচালিত হবে। অন্যান্য কার্যক্রম সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কার্যকরী হইবে।
- ১৬। যদি কোন সুনির্দিষ্ট কারণে সদস্যের তিন পঞ্চমাংশ সদস্য সংগঠনের বিলুপ্তি চান তবে যথা নিয়মে নিবন্ধীকরণ কর্তৃপক্ষের বরাবরে আবেদন করিতে হইবে। নিবন্ধক বা নিবন্ধীকরণ কর্তৃপক্ষ যে ব্যবস্থা গ্রহণ করিবেন উহাই কার্যকর হইবে।
- বিঃ দ্রঃ এই নির্দেশিকায় প্রচলিত সরকারের নীতিমালাকে অনুসরণ করা হইয়াছে। প্রয়োজনে সরকার ও কাউন্সিল যে কোন আদেশ পরিবর্তন, সংশোধন ও সংযোজন করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
খন্দকার ফজলুর রহমান
ভারপ্রাপ্ত সচিব